দৈনিক খবর

তারিখ ... 0 9 FEB 1990
পৃষ্ঠা ... 7 কলাম 9 ...

05

# মাধ্যমিক ও ... ধ্যমিক পর্যায়ে কম্পিউটার কোর্স চালু হবে

রাষ্ট্রপতির কম্পিউটার উপদেষ্টা ডঃ রফিকুজ্জামান বলেছেন, আগামী বছর থেকে এসএসসি ও এইচএসসি পর্যায়ে কম্পিউটার ইলেকট্রোনিক কোর্স চালু হবে।

বাসস জানায়, 'তথ্য প্রযুক্তি, কম্পিউটার হার্ডওয়্যার ব্যবস্থাপনা' শীর্ষক এক সেমিনারে গতকাল

শেষ পৃষ্ঠায় ১ম কলামে

## মাধ্যমিক ও উচ্চ

প্রথম পৃষ্ঠার পর

রোববার ঢাকায় এক হোটেলে ডঃ জামান বলেন, কোর্সের পাঠ্যক্রমের বর্ণনা ইতিমধ্যেই বই-পুস্তকে স্থান পেয়েছে এবং এ ব্যাপারে সংশ্লিষ্ট শিক্ষকদের প্রয়োজনীয় প্রশিক্ষণ দেয়া হবে।

আগামী পঞ্চ-বার্ষিক পরিকল্পনায় জাতীয় কম্পিউটার পরিষদের ২৫ কোটি টাকার কর্মসূচীর উল্লেখ করে তিনি বলেন, কম্পিউটার পরিচালনায় এই মুহূর্তে জনশক্তির প্রশিক্ষণই প্রধান কাজ। তিনি বলেন, পরিষদ এই ক্ষেত্রে জনশক্তির প্রশিক্ষণকে অগ্রাধিকার দিয়েছে।

পল্লী উন্নয়ন বাংলাদেশ (আরএবি) ও কম্পিউটার কনসালট্যান্সী সার্ভিসেস (সিসিএস) লিঃ যৌথভাবে এই সেমিনারের আয়োজন করে। এতে জাতীয় কম্পিউটার পরিষদের নির্বাহী চেয়ারম্যান আজিজুর রহমান, আরএবি-এর চেয়ারম্যান আকবর উদ্দিন আহমেদ, রাব-এর ভাইস-চেয়ারম্যান অধ্যাপক এস এস এম এ খোরাসানী, সিসিএস-এর ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ খালিদুজ্জামান, ভারতের টাটা এন্টারপ্রাইজের বিসি মৈত্র, এইচ আর কারখানিস, এম জি কুরমালি এবং সরদ কে গুপ্ত বক্তৃতা করেন।